সচিব

**প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

উপানুষ্ঠানিক পত্র নং-প্রাগবি/সচিব/৯৭/২১(৫)

তারিখ : ০৪/০৩/১৪০৪ বাং
১৮/০৬/১৯৯৭ ইং

সুহৃদ সহকর্মী,

আপনাদের আন্তরিকতা, নিষ্ঠা ও সর্বোপরি নিরলস পরিশ্রমের ফলে অতি স্বল্প সময়ের মধ্যে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ '৯৭ সুচারুরূপে আয়োজন করা সম্ভব হয়েছে। আপনাদের উপর অর্পিত দায়িত্ব আপনারা যথাযথ ভাবে পালন করেছেন। এ জন্যে আপনি এবং আপনার আওতাধীন কর্মকর্তা কর্মচারীবৃন্দ অভিনন্দন ও ধন্যবাদ পাবার যোগ্য।

আশা করি আগামীতে অনুষ্ঠিতব্য জাতীয় অনুষ্ঠানসমূহ পালনের ক্ষেত্রে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ও তার অঙ্গ সংস্থাসমূহের কর্মকর্তাগণ এমনিভাবে সততা ও নিষ্ঠার সাথে কাজ করবেন। আমাদের সমবেত প্রচেষ্টায় এ বিভাগে আমরা একটি অনুকরণীয় ঐতিহ্য গড়ে তুলতে পারি।

শিক্ষা সপ্তাহ পালনে আপনারা যে অক্লান্ত পরিশ্রম করেছেন সে জন্যে আমি ব্যক্তিগতভাবে আপনাকে এবং আপনার মাধ্যমে এতদসংশ্লিষ্ট প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে-

আন্তরিকভাবে আপনার,

( ডঃ সা'দত হুসাইন )

জনাব মোঃ শওকত আলী
মহাপরিচালক
বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট ।